

স্মারক নং- ১২.১৮.৪৯১৮.০৪১.৪০.১৩৬.২২-২৩৮১(৫০)

তারিখ : ১৪.১১.২০২২ খ্রিঃ


**খুচরা সার বিক্রয় নিয়োগ বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলায় নিম্নবর্ণিত ইউনিয়নের (শূন্য কোঠায়) বিভিন্ন ওয়ার্ড এ “খুচরা সার বিক্রয়” নিয়োগ প্রদান করা হবে। সংশ্লিষ্ট ইউনিয়নের প্রকৃত ব্যবসায়ী/সার ব্যবসায় আহ্বায়ী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগামী ১৫.১১.২০২২ খ্রিঃ হতে ৩০.১১.২০২২ খ্রিঃ তারিখে বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে আবেদন পত্র ও প্রয়োজনীয় কাজপত্র সহ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম এ দাখিল করতে হবে।

**আবেদনপত্র জমা প্রদান ও নিয়োগের শর্তাবলী**


- ১। “সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নাগেশ্বরী, কুড়িগ্রাম” বরাবর আবেদন করতে হবে এবং আবেদন পত্র সরাসরি উপজেলা কৃষি অফিসারের কার্যালয় নাগেশ্বরী, কুড়িগ্রামে জমা প্রদান করতে হবে।
- ২। আবেদনপত্রে সংশ্লিষ্ট ইউনিয়নের নাম, যে বাজারে ব্যবসা পরিচালনা করতে আহ্বায়ী সে বাজার অথবা স্থানের, নাম ওয়ার্ড নম্বর ও দোকানের অবস্থান সুস্পষ্ট ভাবে উল্লেখ্য করতে হবে।
- ৩। আবেদনের সাথে ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ, হালনাগাদ ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ০২ (দুই) কপি পার্সপোট সাইজের রসিদ ছবি, দোকান ঘর ভাড়ার চুক্তিপত্র/ নিজ জায়গা হলে জমির দলিলের ফটোকপি, আর্থিক স্বচ্ছতার প্রমাণক হিসাবে ব্যাংক গ্র্যাকাউন্টের স্টেটমেন্ট সংযুক্ত করতে হবে।
- ৪। চূড়ান্তভাবে নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে জামানত বাবদ=৩০,০০০/= (ত্রিশ হাজার টাকা মাত্র) ডিডি/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির জামানত হিসাব, (চলিত হিসাবের নামঃ “উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি” ও জামানত তহবিল, চলতি হিসাব নং-০২০০০০৪৮৭৫৭১৩, অহনী ব্যাংকলিমিটেড নাগেশ্বরী শাখা কুড়িগ্রাম) জমা প্রদান পূর্বক ডিডির মূল কপি অত্র কার্যালয়ে দাখিল করতে হবে।
- ৫। উল্লেখিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদন বাতিল অথবা নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	শূন্য কোটা	কাঙ্ক্ষিত কোটা	মন্তব্য
০১	নাগেশ্বরী, পৌরসভা	০০	০৯	-
০২	রামখানা	০৩	০৬	-
০৩	সঞ্জোষপুর	০৪	০৫	-
০৪	রায়গঞ্জ	০৮	০১	-
০৫	নেওয়ারী	০৮	০১	-
০৬	হাসনাবাদ	০৮	০১	-
০৭	ভিতরবন্দ	০৫	০৪	-
০৮	বামনডাঙ্গা	০৬	০৩	-
০৯	বেলবাড়ী	০৭	০২	-
১০	কালীগঞ্জ	০৬	০৩	-
১১	নুনখাওয়া	০৯	০০	-
১২	বল্লভেরখাস	০০	০৯	-
১৩	কচাকাটা	০৮	০১	-
১৪	কেদার	০০	০৯	-
১৫	নারায়নপুর	০০	০৯	-
	মোট =	৭২	৬৩	-

  
14.11.2022

(মোঃ শাহরিয়ার হোসেন)  
উপজেলা কৃষি অফিসার  
ও সদস্য সচিব

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

  
28/11/22

(ফারজানা জাহান)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও সভাপতি  
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় সংসদ সদস্য-২৫ কুড়িগ্রাম- ১ আসন।
- ২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, কুড়িগ্রাম।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৬। ..... ও সদস্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৭। চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৮। সভাপতি/সম্পাদক ..... প্রেসক্লাব নাগেশ্বরী, কুড়িগ্রাম।
- ৯। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।